

বিশ্ব শিক্ষক দিবস পালিত প্রধানমন্ত্রীর ওপর শিক্ষকদের আস্থা রাখার আহ্বান

নিজস্ব প্রতিবেদক ও ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রতিনিধি >

আলোচনা বেতন কাঠামো সহ বিভিন্ন দাবিতে আন্দোলনরত শিক্ষকদের প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওপর আস্থার রাখার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, 'মন্ত্রিপরিষদের বেতন সমতাকরণ কমিটির মাধ্যমে এই সমস্যা সমাধান করার চেষ্টা চলছে। আপনাদের এই দাবিদাওয়া পূরণের জন্য প্রধানমন্ত্রীর ওপর আস্থা রাখা উচিত।'

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে গতকাল সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। বিশ্ব শিক্ষক দিবস ২০১৫ জাতীয় উদ্‌যাপন কমিটি এই সভার আয়োজন করে। সভার অগ্রে সকাল ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনার থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়।

সভায় শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকদের হতাশ বা উদ্বিগ্ন হয়ে ক্লাস বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়ার মধ্যে যৌক্তিকতা নেই। তিনি বলেন, 'শিক্ষকরাই হচ্ছেন আমাদের শিক্ষার মূল ও নিয়ামক শক্তি।'

অনুষ্ঠান উদ্‌যাপন কমিটির সমন্বয়ক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে আরো বক্তব্য দেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বুয়েট উপাচার্য অধ্যাপক ড. খালেদা ইকরাম, সাবেক

তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও গণস্বাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী, ইউনেস্কো বাংলাদেশের অফিসার-ইন-চার্জ কিচি ওয়ানু প্রমুখ।

বিশ্ব শিক্ষক দিবসের অ্যাওয়ার্ড পেলেন ঢাবি উপাচার্য : দেশের শিক্ষা ও গবেষণা উন্নয়নে বিশেষ অবদানের জন্য বিশ্ব শিক্ষক দিবস অ্যাওয়ার্ড-২০১৫ পেয়েছেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। টিএসসির ওই অনুষ্ঠানেই ঢাবি উপাচার্যের হাতে এ পদক তুলে দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এ ছাড়া বুয়েটের প্রথম নারী উপাচার্য ড. খালেদা ইকরাম, অধ্যাপক ড. আতিক রহমান, আব্দুর রফিক, জীবন কঞ্চ দে, আল মাহমুদ এবং প্রয়াত প্রিন্সিপাল ইবরাহীম খাঁকে (সরণোত্তর) সম্মাননা প্রদান করা হয়।

এদিকে দিবসটি উপলক্ষে মিরপুরে জাম্মাত একাডেমি হাই স্কুলে বাংলাদেশ শিক্ষক সমিতি (নজরুল) ও শিক্ষক কর্মচারী সংগঠনী এক্সজেক্টের যৌথ উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ ছাড়া প্রাথমিক শিক্ষক অধিকার সুরক্ষা ফোরাম রাজধানীর হুসেইন মুহম্মদ এরশাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, বাংলাদেশ শিক্ষক সমিতি (সিদ্দিক-কাশেম) তেপখানায় কেন্দ্রীয় কার্যালয়ে ও বাংলাদেশ শিক্ষক সমিতি (বাসার-ছালাম), লালবাগে রহমতুল্লাই হাটেল হাই স্কুলে পৃথকভাবে আলোচনা সভার আয়োজন করে।